

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮১৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ )

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - সুদ

بَابُ الرِّبَا

#### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ وَأَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم اسْتَعْمَلَ رَجُلًا عَلَى خَيْبَرَ هَكَذَا؟» قَالَ: لَا وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ إِنَّا خَيْبَرَ هَكَذَا؟» قَالَ: لَا وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ إِنَّا لَنَّا خُذُ الصَّاعَ مِنْ هَذَا بِالصَّاعَيْنِ وَالصَّاعَيْنِ بِالثَّلَاثِ فَقَالَ: «لَا تَفْعَلْ بِعِ الْجَمْعَ بِالدَّرَاهِمِ ثُمَّ ابْتَعْ بِالدَّرَاهِمِ جَنِيبًا» . وَقَالَ: «فِي الْمِيزَانِ مِثْلَ ذَلِكَ»

### বাংলা

২৮১৩-[৭] আবৃ সা'ঈদ ও আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম খায়বার এলাকায় এক ব্যক্তিকে চাকুরী দিলেন। ওই ব্যক্তি সেখান থেকে বেশ ভালো খেজুর নিয়ে এলেন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) তা দেখে জিজ্ঞেস করলেন, খায়বারের সব খেজুরই কি এমন ভালো হয়? ওই ব্যক্তি বললো, জি না, হে আল্লাহর রসূল! আমরা এক সা' এরূপ খেজুর দু' সা' (খারাপ) খেজুরের বিনিময়ে গ্রহণ করে থাকি। অথবা ভালো দুই সা' খারাপ তিন সা'র বিনিময়ে গ্রহণ করে থাকি। এ কথা শুনে তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এভাবে বিনিময় করো না। বরং খারাপ খেজুর (দু' বা তিন সা') মুদ্রার বিনিময়ে বিক্রি করে ওই মুদ্রা দিয়ে ভালো খেজুর কিনে নাও। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) এ কথাও বললেন, ওযন করা বস্তুরও একই হুকুম। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ২২০১, মুসলিম ১৫৯৩, নাসায়ী ৪৫৫৩, দারিমী ২৬১৯, ইরওয়া ১৩৪০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّا لَنَأْخُذُ الصَّاعَ مِنْ هٰذَا بِالصَّاعَيْنِ) "আমরা এর এক সা' খেজুর দুই সা' খেজুরের বিনিময়ে নিয়ে



থাকি"। অর্থাৎ নিম্নমানের দুই সা' খেজুর দিয়ে উন্নতমানের এক সা' খেজুর গ্রহণ করে থাকি।

(فَقَالَ: لَا تَفْعَلُ) "তিনি বললেন, তুমি এরূপ করবে না"। অর্থাৎ দুই সা খেজুর দিয়ে এক সা খেজুর আনবে না। কেননা এ ধরনের লেনদেন সুদের অন্তর্ভুক্ত।

(بِعِ الْجَمْعَ بِالدَّرَاهِمِ ثُمَّ ابْتَعْ بِالدَّرَاهِمِ جَنِيبًا) মিশ্রিত (निप्तमातित) খেজুর দিরহামের বিনিময়ে বিক্রয় করে ঐ মূল্য দ্বারা উন্নতমানের খেজুর ক্রয় করবে।

(فَى الْمِيزَانِ مِثْلَ ذَٰلِك) "ওযনকৃত বস্তুর হুকুমও অনুরূপ" অর্থাৎ পাত্র দ্বারা পরিমাপকৃত বস্তু একজাতীয় হলে যেমন কমবেশী করা যায় না, অনুরূপ ওযনের মাধ্যমে পরিমাপকৃত বস্তুতেও একজাতীয় দ্রব্যের মধ্যে কমবেশী করা যাবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন